

যুগান্তর

প্রিন্ট: ৩০ ডিসেম্বর ২০২৪, ০৮:৫২ এএম

শিক্ষাঙ্গন

ঢাবি ক্যাম্পাসে জুলাই অভ্যুত্থানের গ্রাফিতি সংরক্ষণের নির্দেশনা



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ২৯ ডিসেম্বর ২০২৪, ১০:৪০ পিএম



ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ক্যাম্পাসে জুলাই ছাত্র-জনতার অভ্যুত্থানের সময়কার দেয়াললিখন ও গ্রাফিতিগুলো যথাযথভাবে সংরক্ষণের বিষয়ে প্রশাসনের পক্ষ থেকে জরুরি নির্দেশনা দেওয়া হয়েছে।

রোববার ঢাকা বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে দেওয়া বিজ্ঞপ্তিতে বিষয়টি জানানো হয়।

এতে বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে জুলাই ছাত্র-জনতা অভ্যুত্থানের স্মৃতি বিজড়িত দেয়াললিখন ও গ্রাফিতিগুলো যথাযথভাবে সংরক্ষণের ব্যাপারে প্রশাসনের পক্ষ থেকে জরুরি নির্দেশনা দেওয়া হয়েছে। এই অনুযায়ী, দেয়াললিখন ও গ্রাফিতিগুলো কোনোভাবেই মুছে ফেলা বা এর কোনোরূপ ক্ষতিসাধন করা যাবে না। জুলাই অভ্যুত্থানের স্মৃতি সংরক্ষণে প্রশাসনিক আদেশ অমান্য করা হলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

কোনো কারণে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের এই দেয়াললিখন ও গ্রাফিতিগুলো নষ্ট হলে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব উদ্যোগে সংস্কারের ব্যবস্থা গ্রহণ করা হবে বলেও এতে জানানো হয়।

'উল্লেখ্য, জুলাই অভ্যুত্থানের স্মৃতি সংরক্ষণে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ২০২৪ সালের ১ জুলাই থেকে ৫ আগস্ট পর্যন্ত দীর্ঘ ৩৬ দিন শিক্ষার্থীদের উদ্যোগে গ্রাফিতি অঙ্কন ও দেয়াল লিখন করা হয়। স্বৈরাচার বিরোধী আন্দোলন, গণহত্যার নিদর্শন, আন্দোলনে শহীদ ও আহতদের আত্মত্যাগের স্মৃতির নিদর্শনস্বরূপ দেয়াললিখন ও গ্রাফিতিগুলো জরুরি ভিত্তিতে সংরক্ষণের জন্য সবার সহযোগিতা কামনা করা হয়েছে', বলা হয় বিজ্ঞপ্তিতে।

